

📃 আল-লাইল | Al-Lail | ٱللَّيْل

আয়াতঃ ৯২: ১৪

💵 আরবি মূল আয়াত:

فَٱنذَرتُكُم نَارًا تَلَظّٰى ﴿١٢﴾

△ □ অনুবাদসমূহ:

অতএব আমি তোমাদের সতর্ক করে দিয়েছি লেলিহান আগুন সম্পর্কে, — আল-বায়ান কাজেই আমি তোমাদেরকে দাউ দাউ ক'রে জ্বলা আগুন সম্পর্কে সতর্ক করে দিচ্ছি। — তাইসিরুল আমি তোমাদেরকে জাহান্নামের লেলিহান আগুন হতে সতর্ক করে দিয়েছি। — মুজিবুর রহমান So I have warned you of a Fire which is blazing. — Sahih International

১৪. অতঃপর আমি তোমাদেরকে লেলিহান আগুন(১) সম্পর্কে সতর্ক করে দিয়েছি।

(১) এ লেলিহান আগুনের ভয়াবহতা সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "কিয়ামতের দিন যে জাহান্নামীর সবচেয়ে হাল্কা আযাব হবে তার অবস্থা হচ্ছে এই যে, তার পায়ের নীচে আগুনের কয়লা রাখা হবে এতেই তার ঘিলু উৎরাতে থাকবে।" [বুখারী: ৬৫৬১, মুসলিম: ২১৩]

তাফসীরে জাকারিয়া

১৪। অতএব আমি তোমাদেরকে প্রজ্বলিত অগ্নি সম্পর্কে সতর্ক করে দিয়েছি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6072

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন